



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর



PRESS INFORMATION DEPARTMENT. GOVERNMENT OF THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH

তথ্যবিবরণী

নম্বর-১৪৪

৩৪তম বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ আগামী বুধবার

রাজশাহী, ২৫ পৌষ (০৯ জানুয়ারি):

আগামী বুধবার (১১ জানুয়ারি) ৩৪তম বিভাগীয় বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা-২০২৩ অনুষ্ঠিত হবে। রাজশাহী বিভাগের ৮ জেলার সকল সরকারি কর্মকর্তা-কর্মচারী ও তাঁদের সন্তানদের অংশগ্রহণে উক্ত প্রতিযোগিতা সকাল নয়টায় রাজশাহী জেলা মুক্তিযুদ্ধ স্মৃতি স্টেডিয়ামে শুরু হবে।

বাংলাদেশ কর্মচারী কল্যাণ বোর্ডের বিভাগীয় কার্যালয়ের আয়োজনে অনুষ্ঠিতব্য প্রতিযোগিতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের সচিব মোঃ কামরুল হাসান, এনডিসি প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

.....
সিকান্দার/হালিম/রোকন/২০২৩/১৬:০০ ঘ.